08

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বুয়েটে ছাত্রদলের প্যানেল তৈরী নিয়া সংঘর্ষ

ইত্তেফাক রিপোর্ট ।। বুয়েটের ছাত্র সংসদ (ইউকসু) নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের মনোনয়নকে কেন্দ্র করিয়া দলের বিবদ-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## বুয়েটে ছাত্রদলের

( ১ম পৃ: পর )

মান দুই গ্রুপের মধ্যে বৃহস্পতিবার রাতে ও গতকাল সকালে দুই দফায় কয়েক রাউণ্ড গুলী বিনিময় হয়। গতকাল বিকালে উভয় গ্রুপের বৈঠকে তৌহিদ-টুটুল পরিষদ গঠন করা হয়। আজ বুয়েট ছাত্র সংসদ নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ। ২৬ নভেম্বর নির্বাচন।

এদিকে ছাত্রদল প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মানিক এক বিবৃতিতে বলেন, ইউকসু নির্বাচনে ছাত্রদলের প্যানেল ভয়ভীতি এবং সন্ত্রাসের মাধ্যমে করা হইয়াছে। ইহা সাধারণ ছাত্র-ছাত্রীদের গ্রহণযোগ্য প্যানেল নয়। ছাত্র ইউনিয়নের সভাপতি নাসির-উদ-দুজা ও সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স এক যুক্ত বিবৃতিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের আভ্যন্তরীণ দ্বন্দ্বের সন্ত্রাসী তৎপরতার নিন্দা জানাইয়াছেন। বিবৃতিতে অবিলম্বে অবৈধ অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানান হয়।

ছাত্রলীগ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আজিজুল আকিল ডেভিড ও সাধারণ সম্পাদক আবুল বাশার লিটন এক যুক্ত বিবৃতিতে বুয়েটে ছাত্রদলের আভ্যন্তরীণ কোন্দলের সন্ত্রাসী ঘটনার প্রতিবাদ জানাইয়াছেন।